শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## এপ্রিল/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৫৯ তম সভা)

| | |
|---|---|
| ভাপতি | : জনাব মোঃ মন্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই |
| ভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| ভার তারিখ ও সময় | : ২৫/০৪/২০২৪, সকাল- ১০:০০ ঘটিকা। |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার ...জ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট অনুমোদন সংক্রান্ত ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি বলেন ২০২৪-২০২৫ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের রাজস্ব খাতে আয়- ১,৩০,০০,০০০/- **(এক কোটি ত্রিশ লক্ষ)** টাকা, রাজস্ব খাতে ব্যয়- ১,০৮,০০,০০০/- (এক কোটি আট লক্ষ) টাকা এবং উন্নয়ন খাতে আয়- ৪,০০,০০,০০০/- **(চার কোটি)** টাকা, উন্নয়ন খাতে ব্যয়- ৪,০০,০০,০০০/- **(চার কোটি)** টাকা ধরে বাজেটের খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বাজেট অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। ২০২৪-২০২৫ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের খসড়া বাজেট সম্পর্কে সভায় উপস্থিত সকল সদস্যগণ মতামত ব্যক্ত করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের বাজেট সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** ২০২৪-২০২৫ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের রাজস্ব খাতে আয়- ১,৩০,০০,০০০/- **(এক কোটি ত্রিশ লক্ষ)** টাকা, রাজস্ব খাতে ব্যয়- ১,০৮,০০,০০০/- (এক কোটি আট লক্ষ) টাকা এবং উন্নয়ন খাতে আয়- ৪,০০,০০,০০০/- **(চার কোটি)** টাকা, উন্নয়ন খাতে ব্যয়- ৪,০০,০০,০০০/- **(চার কোটি)** টাকা ধরে প্রস্তুতকৃত বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত বাজেটের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- 'গ'। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (৩) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত মার্চ/২০২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপঃ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | বিবরণ | টাকা | ক্রঃনং | বিবরণ | টাকা |
| ১. | প্রারম্ভিক জের | ২৪,৭৬,২৩৪/৮৪ | ১. | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/২৪ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২. | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ৫১,৫৯২/- | ২. | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের মার্চ/২৪ মাসের বেতন | ৩৪,৬৫০/- |
| ৩. | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৪,৩০,৮৪৪/১৫ | ৩. | উপজেলা পরিষদের মার্চ/২৪ মাসের আনুষঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| ৪. | -- | -- | ৪. | উপজেলা পরিষদের মার্চ/২৪ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| ৫. | -- | -- | ৫. | উপজেলা পরিষদের ০২জন কর্মচারির সিপিএফ এর চাঁদা প্রদান | ৩,৬৪৮/- |
| | মার্চ/২৪ মাসের আয়- | ৪,৮২,৪৩৬/১৫ | | মার্চ/২৪ মাসের মোট ব্যয়- | ১,৭২,২৯৮/- |
| | সর্বমোট আয়- | ২৯,৫৮,৬৭০/৯৯ | | সর্বমোট ব্যয়- | ১,৭২,২৯৮/- |
| সমাপনী স্থিতি- ২৭,৮৬,৩৭২/৯৯ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান, উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বোরোধান কাটার মৌসুম চলছে। এ পর্যন্ত প্রায় ৭০% ধান কাটা সম্পন্ন হয়েছে। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষন করে জানান, অসাধু ব্যবসায়ীদের মাধ্যমে গত বছর বাজারে কিছু নকল ধান বীজ বিক্রয় হয়েছে। সে বীজ যে সকল কৃষক ব্যবহার করেছেন তারাই ক্ষতিগ্রস্ত হয়েছেন। কাজেই বাজারে যেন কোন অসাধু ব্যবসায়ী নকল ধান বীজ বিক্রি করতে না পারে সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। সে সাথে বাজারে যেন কোন অসাধু ধান বীজ ব্যবসায়ী নকল ধান বীজ বিক্রি করতে না পারে সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি গত ১৮/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রাণিসম্পদ প্রদর্শনী মেলাটি সুষ্ঠুভাবে উৎসবমুখর পরিবেশে সমাপ্ত করতে সকলের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। এছাড়াও তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, ৭নং জগদল ইউনিয়ন পরিষদ সভার দৃষ্টি আকর্ষণ করে জানান তার ইউনিয়নে প্রায় সকল গ্রামেই গরু বাছুরের একটি নতুন রোগ দেখা দিয়েছে। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ থেকে সরেজমিন পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। সে সাথে ৭নং জগদল ইউনিয়নে গরুর বাছুরের কি সমস্যা হয়েছে তা দ্রুত সরেজমিন পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান, তার বিভাগীয় কার্যক্রমসহ সকল উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উন্নয়ন তহবিলের আওতায় সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন প্রায় শেষ পর্যায়ে আছে বলে সভায় জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের চলতি অর্থ বছরের সকল উন্নয়ন কাজ যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান, তীব্র তাপদাহের জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান ০৭ দিনের ছুটি ঘোষণা করা হয়েছে। ছুটি শেষে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান আবার খুলে দেওয়া হবে। এছাড়াও তার শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, এ উপজেলাতে তিনি নতুন যোগদান করেছেন; সকলের সহযোগিতা কামনা করেন দাপ্তরিক কার্য বাস্তবায়নের জন্য। এছাড়াও তিনি বলেন উপজেলা সমাজসেবা দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় তাঁকে স্বাগত জানান, তিনি জানান বীরনিবাস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |

| | | |
|---|---|---|
| | নির্মাণে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের সাথে মিলে দ্রুত কাজটি বাস্তবায়নে সহযোগিতা করা জন্য; ভিক্ষুক পুনর্বাসনে এবং সমাজ কল্যান কমিটির কাজ বাস্তবায়নের সরকারী নির্দেশনা মতে দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই'কে অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তার দপ্তরের আওতায়ভূক্ত সকল প্রশিক্ষণ সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কর্মক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান, উপজেলা সমবায় বিভাগের দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন, উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সকল কর্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |
| সহকারী কমিশনার (ভূমি) | সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি) |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ অফিসের বিদ্যুৎ বিল বাবদ- ব্যয়িত মোট- ১৭,৫০০/- (সতেরো হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম বিল জুলাই/২০২৩ হতে এপ্রিল ২০২৪ পর্যন্ত সময়ের সর্বমোট- ১১,০০০/- (এগারো হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম বিল জুলাই/২০২৩ হতে এপ্রিল ২০২৪ পর্যন্ত সময়ে ব্যয়িত সর্বমোট- ১১,০০০/- (এগারো হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান চেয়ারম্যান, উপজেলা পরিষদ এঁর অফিস এবং বাসভবনের টেলিফোন বিল অক্টোবর/২০১৯ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত সময়ে টেলিফোন বিল বাবদ সর্বমোট- ১০,৬১২/- (দশ হাজার ছয়শত বার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ এঁর অফিস এবং বাসভবনের টেলিফোন বিল অক্টোবর/২০১৯ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত সময়ে টেলিফোন বিল বাবদ ব্যয়িত- ১০,৬১২/- (দশ হাজার ছয়শত বার) টাকা উপজেলা পরিষদ রাজস্বতহবিল হতে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন প্রশাসনিক ভবনে নীচতলায় অবস্থিত পরিষদের সম্মেলন কক্ষ, পাশের কক্ষ, উপজেলা ডিজিটাল সেন্টার এবং বঙ্গবন্ধু কর্ণারসহ ০৪টি কক্ষের জন্য একটি নতুন প্রিপেইড মিটার সংযোগ বাবদ সর্বমোট-২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং প্রিপেইড মিটারের কার্ডক্রয় বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধিন প্রশাসনিক ভবনে নীচতলায় অবস্থিত পরিষদের সম্মেলন কক্ষ, পাশের কক্ষ, উপজেলা ডিজিটাল সেন্টার এবং বঙ্গবন্ধু কর্ণারসহ ০৪টি কক্ষের জন্য একটি নতুন প্রিপেইড মিটার সংযোগ বাবদ ব্যয়িত- ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং প্রিপেইড মিটারের জন্য কার্ডক্রয় বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত বাবদ- ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত বাবদ ব্যয়িত- ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৪/২৪

(মোঃ মন্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

'শেখ হাসিনার মূল
গ্রাম শহরের উন্নতি

তারিখ : ২৫/০৪/২০২৪

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-১৮(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৬। মেয়র, দিরাই পৌরসভা
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
০৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশিষ্ট সকল), দিরাই
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৩। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই | ০৩। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৪। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই | ০৪। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ |
| ০৫। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই | ০৫। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৬। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই | ০৬। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৭। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই | ০৭। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৮। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই | ০৮। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ০৯। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ১০। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| | ১৩। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ |
| | ১৪। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| ০২। মেয়র, দিরাই পৌরসভা | ০২। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই |
| ০৩। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই | ০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৪। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই | ০৪। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই (কো-অপ্টকৃত<br>কর্মকর্তা) |
| ০৫। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই | ০৫। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত<br>কর্মকর্তা) |
| ০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই | ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ০৭। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই |
| | ০৮। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |